

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১১২৯

৯/ ঈদ

পরিচ্ছেদঃ ঈদের বিবরণ

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ دَخَلَ رَسُولُ اللهِ عَلِي وَعِنْدى جَارِيَتَانِ تُغَنِّيَانِ بِغِنَاءِ بُعَاثٍ فَاضْطُجَعَ عَلَى الْفِرَاشِ وَحَوَّلَ وَجْهَهُ فَدَخَلَ أَبُو بَكْرٍ فَانْتَهَرَنِى وَقَالَ مِزْمَارُ الشَّيْطَانِ عِنْدَ رَسُولِ عَلَى الْفِرَاشِ وَحَوَّلَ وَجْهَهُ فَدَخَلَ أَبُو بَكْرٍ فَانْتَهَرَنِى وَقَالَ مِزْمَارُ الشَّيْطَانِ عِنْدَ رَسُولِ اللهِ عَلِي فَقَالَ دَعْهُمَا فَلَمَّا غَفَلَ غَمَنْتُهُمَا فَخَرَجَتَا اللهِ عَلَيْ فَقَالَ دَعْهُمَا فَلَمَّا غَفَلَ غَمَنْتُهُمَا فَخَرَجَتَا

বাংলা

(১১২৯) আয়েশা (রাঃ) বলেন, ঈদের দিন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন। সেই সময় আমার কাছে দুটি কিশোরী 'দফ' বাজিয়ে বুআস (যুদ্ধের বীরত্বের) গীত গাচ্ছিল। অবশ্য তারা গায়িকা ছিল না। তা দেখে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ চেহারা ফিরিয়ে নিলেন। অতঃপর তিনি কাপড় ঢাকা দিয়ে বিছানায় শুয়ে গেলেন। ইত্যবসরে আবূ বকর (রাঃ) প্রবেশ করলেন এবং আমাকে ধমক দিয়ে বললেন, শয়তানের সূর আল্লাহর রসূলের কাছে?

(এ কথা শুনে) আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ চেহারা খুলে আবূ বকরের দিকে ঘুরে বললেন, ওদেরকে ছেড়ে দাও, হে আবূ বকর! আজ তো ঈদের দিন। প্রত্যেক জাতির ঈদ আছে। আর আজ হল আমাদের ঈদ। অতঃপর তিনি একটু অন্যমনস্ক হলে আমি তাদেরকে চলে যেতে ইঙ্গিত করলাম। তখন তারা বেরিয়ে গেল।

ফুটনোট

(বুখারী ৯৪৯, মুসলিম ২১০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 ${\cal S}$ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64877

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন